পাঠক ফোরাম

উত্তরাধিকারের রাজনীতি

সাপ্তাহিক ২০০০ ইঙ্গিতটা দিয়েছিল প্রথম। বর্ষ ৪ সংখ্যা ১৪ আগস্ট ১৭, ২০০১-এ প্রকাশিত 'উত্তরাধিকারের তৃতীয় ধারা' নামে প্রচ্ছদে এসেছিলেন তারেক জিয়া। গোলাম মোর্তোজার গৃহীত সাক্ষাৎকারটি পাঠক কর্তৃক বিপুলভাবে নন্দিত হয়েছিলো। তৃতীয় অনাগত রাজনীতিকদের প্রতি রয়েছে আমার অগাধ বিশ্বাস ও আস্থা। বর্তমানের পঙ্কিল, কদর্য, অসহিষ্ণু, প্রবঞ্চনা ও স্বার্থবাদী রাজনীতিকদের হাত থেকে ওরাই রাজনীতির হারিয়ে যাওয়া আদর্শ ও গৌরব ফিরিয়ে আনতে পারবে। মহান মুক্তিযুদ্ধের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত ব্যক্তিদের অনেকেই ইতিমধ্যে লুটেরা, ভোগবাদী হিসেবে পরিচিতি পেয়েছেন। এক্ষেত্রে তৃতীয় প্রজন্ম আশার আলো। তারেক জিয়া পরোক্ষভাবে রাজনীতির সঙ্গে জড়িত এক দশক ধরে। প্রত্যক্ষভাবে এলেন এই প্রথম। বিএনপি'র রাজনীতিতে নৈতিক ও গুণগত পরিবর্তন এনে দলকে সময়োপযোগী করে গড়ে তুলতে পারবেন তারেক জিয়া। জিয়ার পর খালেদা জিয়া তারপর তারেক জিয়া। শেখ মুজিবের পর শেখ হাসিনা, তারপর? জয় ওয়াজেদ? হ্যাঁ, তাই হবে। গণতান্ত্রিক রাজতন্ত্রের এই দেশে তাই হবে এবং হতেই হবে। এখানে যোগ্যতা, মেধা, শ্রম বা পরিপক্বতার প্রশ্ন নেই। কবে রাজনীতিতে অভিষেক ঘটবে জয়ের?

আলি হোসেন চৌধুরী, সিঙ্গাপুর

লুণ্ঠিন মানবতা

অব্যাহতভাবে শিশু অপহরণ, মুক্তিপণ, হত্যার ঘটনা বেড়েই চলেছে। মাত্র ৭ মাসের ব্যবধানে শিহাব, তৃষা, বাপ্পী, রত্নাকে নির্মমভাবে হত্যা করা হয়েছে। তৃষাকে বাধ্য করা হয়েছে ঝাঁপ দিতে। শিশু অপহরণ ও হত্যাকাণ্ডের এ ঘটনায় দেশের সাধারণ মানুষ উদ্বিগ্ন হলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উদ্বিগ্নতা সন্তোষজনক নয়॥ আইনশৃঙ্খলা পরিস্থিতির এই চরম অবনতিতে শুধু স্বরাষ্ট্রমন্ত্রী নয়, পুলিশের আইজিপি'র ও পদত্যাগ অপরিহার্য হয়ে উঠেছে।

সাইদুর রহিম বুলু
মোহাম্মদপুর, ঢাকা

ফিরিয়ে দাও অরণ্য

পরিবেশ দূষণ শিশুদের যে ক্ষতি করে তার একটি ছোট উদাহরণ আমার ব্যক্তিগত জীবন থেকে দিচ্ছি। আমার ছোট ছেলেটি ঢাকায় অবস্থান করলেই শ্বাস-প্রশ্বাসের কষ্ট হয়। আমি শিশু বিশেষজ্ঞকে দেখালে তিনি জানতে চান কি পরিবেশে বাচ্চা বেশিরভাগ সময় থাকে। আমি জানাই যে, একটি গাছগাছালি ঘেরা ছোট মফস্বল শহরে থাকে। ডাক্তার সাহেব আমাকে বললেন, বর্তমানে ঢাকার বাতাসে দূষণের মাত্রাধিক্যের কারণে শিশুদের শ্বাস-প্রশ্বাসের রোগসহ নানা সমস্যা দেখা দিচ্ছে। পরিবেশ রক্ষায় গাছের ভূমিকা অপরিসীম। তাই নিজেদের স্বার্থেই অনেক গাছ লাগানো উচিত। বর্ষাকালেই গাছ লাগানোর উপযুক্ত সময়।

ফারাহ দিবা আহমেদ
ঠাকুরগাঁও

রপ্তানির নতুন বাজার

বাংলাদেশের রপ্তানি বাণিজ্যের সর্বাধিক বড় সমস্যা ভারতের সঙ্গে বাণিজ্য ঘাটতি। ভারতের সঙ্গে বাণিজ্য কমিয়ে দেশের বাণিজ্যে ভারসাম্য আনয়ন করা একান্ত জরুরি। বাণিজ্য ঘাটতি কমানো হলে বাংলাদেশের পাশাপাশি আনয়ন করা একান্ত জরুরি। ২০০১-২০০২ অর্থবছরে রপ্তানিবাণিজ্যের হিসাব-নিকাশ অনিশ্চিত অবস্থার আবর্তে ঘুরপাক খাচ্ছে। এই সময় বিদেশে বাংলাদেশের ৪৬টি মিশনের মধ্যে ৩৮টিই রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পারেনি।

ডাড়লী করিম
মিরপুর, ঢাকা

শ্রেষ্ঠ জাতি

আমার ছোট বোনের নাম সনিয়া। আমি ডাকি সনি বলে। আমি যখন বাড়ি যাই তখন বোনটি আমার কাছে ছুটে আসে এবং তার জন্য কি উপহার এনেছি, কি আনিনি তা নিয়ে নানান প্রশ্ন। কিছুদিন আগে সন্ত্রাসীদের গুলিতে বুয়েট ছাত্রী সনির প্রাণ প্রদীপ নিভে গেলো। খবরটা পড়ে আমি নির্বাক হয়ে যাই। অবশ্য এদেশে এটাই স্বাভাবিক। দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ বুয়েটে যদি সন্ত্রাসী হামলা হতে পারে তাহলে দেশের সর্বস্তরে সন্ত্রাস হওয়াটাই স্বাভাবিক। কিন্তু কেন? আসলে যে জাতি দুর্নীতিতে শ্রেষ্ঠ হয়, যে জাতি সনির মতো ছাত্রীকে মেরে ফেলে, সে জাতি দিয়ে কিছুই হবে না।

মৃদুল, লিচু বাগান
বকুল ভিলা , ময়মনসিংহ

ইংরেজি বানান

এ অঞ্চলের মুসলমানরা নামের আগে 'মোহাম্মদ' লিখে থাকেন। যে শব্দটি মূলত আরবি ভাষা থেকে নেয়া। বাংলাদেশে যারা বাংলা সনদপত্রে নিজের নামে 'মোহাম্মদ' ব্যবহার করে চাকরি বা ব্যবসা করছেন তাদের ক্ষেত্রে কোনো সমস্যা হয় না। কিন্তু যত বিপত্তি দেখা যাচ্ছে নামের ইংরেজি বানান নিয়ে। ইংরেজিতে Md. Mohd, Mohammad, Mohammed এবং Mohamed এই পাঁচভাবে লেখা হচ্ছে। এমনকি একেক জনের সনদপত্রে S.S.C-তে Md., S.C-তে Mohd. B.A-তে Mohammad, M.A.তে Mohammed লেখা হচ্ছে। এ ক্ষেত্রে বোর্ড বা ইউনিভার্সিটিতে রেজিস্ট্রেশনের সময় একজন ছাত্র/ছাত্রী যেভাবে তার ফর্ম পূরণ করে থাকেন সেভাবেই কর্তৃপক্ষ admit card ইস্যু করে থাকেন। ভবিষ্যতেও মার্কসিট ও সার্টিফিকেট সেভাবেই ইস্যু করা হয়। কিন্তু সেই ছাত্র যখন বিদেশে পড়াশুনা বা চাকরি করতে যাচ্ছেন তখন তার ইংরেজি নামের প্রথম অক্ষর মোহাম্মদ-এর বহুবিধ ব্যবহারের কারণে অনেক ক্ষেত্রেই নানা সমস্যার সম্মুখীন হচ্ছেন। বিশেষ করে অনেক ডিভি বিজয়ী তাদের কাঙ্ক্ষিত ভিসা পাওয়া থেকে বঞ্চিত হচ্ছেন।

কাজী রকীবুল ইসলাম
সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকা

দেশপ্রেমের নমুনা

'স্বদেশের প্রেম যত, সেইমাত্র অবগত বিদেশেতে অধিবাস যার'। কিন্তু আমরা আমাদের দেশকে, দেশীয় পণ্যকে কতোটা ভালোবাসি? দিন কয়েক আগে একজন উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা বললেন, 'ডাক্তার সাহেব, ওষুধ লেখেন, তবে একটাও দেশী ওষুধ লিখবেন না।' ঐ কর্মকর্তা আমাদের দেশের Policy maker-দের একজন, বনানীর ১৫ নং রোডের একটা জায়গায় লেখা 'আমেরিকান বার্গার'-এর ফাস্টফুডের দোকান। আমেরিকান বার্গার বনানীতে বসে কিভাবে বানাবেন খোদা মালুম। কেবল খাবার আর ওষুধের ক্ষেত্রেই নয়, পোশাক-আশাকের ক্ষেত্রেও এসেছে বিপুল পরিবর্তন। আজকাল মেয়েরা শাড়ি, সালোয়ার- কামিজের পরিবর্তে প্যান্ট, শার্ট, স্কার্ট পরতে বেশি স্বাচ্ছন্দ্যবোধ করে। এক সময় এই দেশে মসলিন পৃথিবীর বিখ্যাত ছিল, এখনো জামদানি, টাঙ্গাইলের তাঁতের শাড়ি সবার কাছে প্রিয়। এমন অনেক উদাহরণ আছে, যেখানে দেশপ্রেমের ছিটেফোঁটাও নেই।

ডা. মোস্তফা আব্দুর রহিম, মিরপুর, ঢাকা

পরিবর্তনের অঙ্গীকার

সাপ্তাহিক ২০০০ আমি গত ২ আগস্ট থেকে নিয়মিত পড়ছি। তখন থেকেই এই পত্রিকাটি আমার কাছে মার্জিত ও গঠনমূলক মনে হয়েছে। পাহাড়ে ঘেরা রাঙ্গামাটি থেকে আমি একজন সাধারণ মানুষ- মানবতার মুক্তির আন্দোলনের পথিক হতে চাই। তাই সাপ্তাহিক ২০০০-এর মাধ্যমে একটি তরুণ সংগঠন গড়ে তুলতে চাই। সাপ্তাহিক ২০০০ থেকে শুরু হোক সমাজ পরিবর্তনে অঙ্গীকারবদ্ধ সৈনিকদের পদযাত্রা। আমরা চাই মাদকমুক্ত সমাজ, অপরাধ-অত্যাচার বর্জিত পৃথিবী।

এম.আর হোসাইন জহির
রাঙ্গামাটি

টিএন্ডটি

১৯৯১ সালে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষণা দিয়েছিলেন, কুমিল্লার লাকসাম থানার টেলিফোন এক্সচেঞ্জকে ডিজিটালে রূপান্তর করবেন। কিন্তু ১৯৯৫ সাল পর্যন্ত কখনো ইউরোপ থেকে আমরা

সরাসরি লাইন পাইনি। ১৯৯৭ সালে এসে ০০৮৮০৮১ কোড নাম্বার ব্যবহার করে ৬৩৪০ অথবা ৮০০৬ নাম্বারে রিং করে এক্সচেঞ্জকে অনুরোধ করে পাঁচ-দশ মিনিট পর হলেও লাইন পেতাম। ১৯৯৮ সাল থেকে একটু বেশি চেষ্টা করে ০০৮৮০৮০৩২ কোড নাম্বারে রিং করে সরাসরি কথা বলা যেত। বিএনপি ক্ষমতায় আসার পর থেকে অদ্যাবধি ইউরোপ থেকে লাকসামের সঙ্গে সরাসরি টেলিযোগাযোগ থেকে আমরা বিচ্ছিন্ন হয়ে আছি। কেন এতো লম্বা সময় মাঝে মাঝে বিকল হয়ে থাকে? এটা কি বিএনপি সরকারের সুনাম ক্ষুণ্ন করার চক্রান্ত নাকি জনগণকে ফাঁকি দেবার চেষ্টা?

Kazi Liakat Ali, Al-Jerusalemme Bigiotteria, Via-Principe Amedeo-161, Roma, Italy

নতুন কৌশল

বিভিন্ন প্রচার মাধ্যমে দেখা যায়, ইবনে সিনা ডায়াগনস্টিক সেন্টারে যে কোনো পরীক্ষায় ২৫% কম খরচে অর্থাৎ কম নেয়া হয়। তাদের কাছে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সকল পরীক্ষার কোনো মূল্য তালিকা আছে কি? বা তারা কোন মূল্য থেকে কম নিচ্ছে সেটা প্রচার মাধ্যমে উল্লেখ করা হোক। একই পরীক্ষা বিভিন্ন ডায়াগনস্টিক সেন্টারে ভিন্ন ভিন্ন মূল্য যেমন Blood TC, DC, HB, ESR কোথাও ৮০ টাকা, কোথাও ১০০ টাকা, কোথাও ১২০ টাকা। এভাবে সকল পরীক্ষার মূল্য মালিকগণ নিজেদের ইচ্ছা মতো নির্ধারণ করে নিয়েছেন। ইবনে সিনা যদি সত্যিকারার্থে মানুষকে উপকার করতে চায় বা কম নিতে চায় তাহলে সারা দেশের ডায়াগনস্টিক সেন্টারের মালিকদের নিয়ে সংগঠন করে স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে মূল্য নির্ধারণ করে প্রত্যেক ডায়াগনস্টিক সেন্টারে মূল্য তালিকা ঝুলিয়ে রাখার ব্যবস্থা করুক, আর তা যদি না পারে তাহলে এ প্রতারণামূলক প্রচারণা বন্ধ করে দিক।

আলাউদ্দিন আবু
মিরপুর-১১, ঢাকা

শ্রদ্ধাঞ্জলি

গত ২৩ জুলাই ছিল বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের ৭৭তম জন্মবার্ষিকী। বঙ্গবন্ধুর অবর্তমানে তারই নেতৃত্বে সকল প্রতিকূলতা ও বাধা উপেক্ষা করে তাজউদ্দীন আহমদ এক সংকটময় মুহূর্তে সশস্ত্র মুক্তিযুদ্ধে সফল নেতৃত্ব দিয়েছিলেন। জাতি আজ সশ্রদ্ধ চিত্তে তার অবদান স্মরণ করবে এটা বলার অপেক্ষা রাখে না। বাংলাদেশের প্রথম অর্থমন্ত্রী হিসেবে বঙ্গবন্ধুর সাহচর্যে এই মহান ব্যক্তিত্ব বাঙালি জাতিকে ১৯৭৪ সাল পর্যন্ত নেতৃত্ব দিয়েছিলেন। জাতীয় নেতারূপে আবির্ভূত হওয়ার পর চক্রান্তকারীরা ১৯৭৫ সালের ৩ নবেম্বর নির্মমভাবে তাকে হত্যা করে।

ওলি আহমদ চৌধুরী
শেওড়াপাড়া, ঢাকা

দখলের রাজনীতি

দখলের রাজনীতিতে বুড়িগঙ্গা আজ বিলুপ্ত প্রায়। 'ঢাকা বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত' সর্বজনস্বীকৃত এ সত্যটি অদূর ভবিষ্যতে স্রেফ ইতিহাস বনে গেলে অবাক হবার কিছু নেই। সম্প্রতি যমুনা গ্রুপ তথাকথিত মডেল টাউন নির্মাণের নাম করে ঢাকার 'কক্সবাজার সৈকত' খ্যাত আশুলিয়ার তুরাগ নদী ভরাট করে চলছে। ভূমি মন্ত্রণালয় কিংবা রাজউকের অনুমোদন ছাড়াই তারা এ অন্যায় পদক্ষেপ নিয়েছে। পত্রিকান্তরে জানলাম, সাবেক রাষ্ট্রপ্রধানের সুযোগ্য পুত্র সাংসদ মাহী বি. চৌধুরী বিটিভির অনুষ্ঠান প্রচারের নির্ধারিত সময় থেকে ব্যবসায়িক স্বার্থে ইতিমধ্যেই ১ ঘন্টা সময় কিনে নিয়েছেন। আরও ৪ ঘন্টা সময় কেনার পাঁয়তারা করছেন। উল্লেখ্য, তরুণ সাংসদের এ ইচ্ছা পূরণ হলে বিটিভির বছরে ২ কোটি টাকা লোকসান হবে। রাষ্ট্রীয় সম্পদ দখলের এই প্রক্রিয়া চলতে থাকলে ভবিষ্যতে রাষ্ট্রীয় ক্ষমতায় আসীন কোনো ব্যক্তি যদি ব্যবসায়িক প্রতিষ্ঠান স্থাপনের বাসনায় জাতীয় সংসদ ভবনের কিয়দংশ কিনে নেয়ার ইচ্ছে (!) প্রকাশ করেন, তাহলে আদৌ অবাক হওয়ার মতো কিছু থাকবে কি? কারণ আমাদের মহামান্য রাজনীতিবিদদের 'ইচ্ছার' জোর যে কত বেশি, তার প্রমাণ ইতিমধ্যেই এন্তার পেয়ে গেছি। সাধারণ জনগণ এসব দুর্নীতির অবসান চায়।

Linus Rozario, Saitama-ken, Japan, E-mail : linus@aa.sky.tu-ka ne.jp

একজন হামিদা আলী

অধ্যক্ষা হামিদা আলী। ভিকারুননিসা নূন স্কুলের বটবৃক্ষসম ব্যক্তিত্ব। মায়ের আসনে অধিষ্ঠিত এই মহিয়সী শিক্ষানুরাগী এবং বিদ্যোৎসাহী ব্যক্তিত্ব এদেশের কদর্য রাজনীতি এবং একশ্রেণীর প্রতিষ্ঠিত ক্ষমতাসীনদের নোংরামির কাছে আত্মসমর্পণ করে এবং অত্র শিক্ষা প্রতিষ্ঠানের ১১ হাজার ছাত্রীর ভবিষ্যৎ চিন্তা করে নীরবে-নিভৃতে চোখের জলে বিদায় নিলেন। অথচ ভিকারুননিসা স্কুল অ্যান্ড কলেজকে আজকের ঈর্ষণীয় খ্যাতিমান পর্যায়ে নিয়ে আসায় হামিদা আলীর ভূমিকা ছিল অপরিসীম। কিছু মিথ্যা অভিযোগ উত্থাপিত হয়েছে হামিদা আলীর বিরুদ্ধে। অবশেষে তিনি তার পদ থেকে সরে দাঁড়ান। একজন শিক্ষিকার প্রতি ছাত্রীদের দরদ এবং আবেগ আমরা দেখেছি। তার বিদায়ের ব্যথা বিয়োগ ব্যথার মতোই কচি ছাত্রীদের মনে শেলের মতো বিঁধেছে।

নাসির উদ্দিন বিশ্বাস
দক্ষিণ বিশিল, মিরপুর, ঢাকা

ছাত্র রাজনীতি

বুয়েটে ছাত্ররাজনীতি বন্ধ করা হয়েছে, সিদ্ধান্তটি যে খুবই যৌক্তিক ও ইতিবাচক তা বলার অপেক্ষা রাখে না। বর্তমান প্রেক্ষাপটে ছাত্ররাজনীতির কোনো প্রয়োজন নেই। কারণ বর্তমানে ছাত্ররাজনীতি আর খুন, ধর্ষণ, সন্ত্রাস, টেন্ডারবাজি, চাঁদাবাজি ইত্যাদি অস্পৃশ্য নেতিবাচক বিষয়গুলো সমার্থক হয়ে দাঁড়িয়েছে। তাই শিক্ষা আর রাজনীতি কোনোমতেই একসঙ্গে চলতে দেয়া যায় না। এখনকার ছাত্ররাজনীতির মূল ধান্ধা হলো নিষ্পাপ প্রাণ বিনাশ করে হলেও অর্থ উপার্জন। সে জন্যই সাধারণ ছাত্র/ছাত্রীদের শিক্ষার পরিবেশ সমুন্নত রাখতে অচিরেই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে তথা দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ও ছাত্ররাজনীতি বন্ধ করা জরুরি।

ফারদিন ফেরদৌস
এবি হল, জাবি, ঢাকা

সংবিধানের লঙ্ঘন

পুলিশি হেফাজতে নির্যাতন সংবিধান পরিপন্থি আচরণ। দেশের প্রচলিত আইনেও এ ধরনের নির্যাতনকে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে চিহ্নিত করা হয়েছে। কিন্তু যথাযথ প্রয়োগের অভাবে অহরহই এর লঙ্ঘন ঘটছে। বিনা ওয়ারেন্টে আটকের বিধান এবং রিমান্ডের নামে যথেচ্ছ আচরণ করার সুযোগ ও পুলিশি নির্যাতন বৃদ্ধির অন্যতম কারণ। সম্প্রতি বেসরকারি একটি প্রতিষ্ঠানের সমীক্ষায় দেখা গেছে, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে ৬২৫ জন নির্যাতিত ও ৩২ জন নিহত হয়েছে। এই নির্যানের হাত থেকে বাঁচতে পারেনি জামাল, রুবেলেরা। রিমাণ্ডে জিজ্ঞাসাবাদের নামে শারীরিক ও মানসিক নির্যাতনের ঘটনা সবসময় ঘটেছে। যখন যে সরকার ক্ষমতায় থাকে তারা রাজনৈতিক উদ্দেশ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর এই আচরণ বহাল রাখাকেই সুবিধাজনক মনে করে।

জিল্লুল করিম, কলাবাগান, ঢাকা

পাগলে কিনা বলে...

ঢাকা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি চত্বরে গাছ কাটা নিয়ে সারা দেশে যখন ঝড় বয়ে যাচ্ছে তখন ছাত্রদল সভাপতি বলেন, গাছগুলো অপরিকল্পিতভাবে লাগানো হয়েছিল। ভেবে পাই না, একজন সভাপতি কতখানি বিজ্ঞ হলে এমন অজ্ঞের মতো কথা বলতে পারেন! তার এ পাণ্ডিত্যপূর্ণ কথা শুনে তাকে প্রশ্ন করতে চাই— হে পণ্ডিত, আপনার কাছে কি এর সপক্ষে যথেষ্ট প্রমাণ আছে? যদি থেকেই থাকে তাহলে সাল, তারিখ ও সময় উল্লেখ করে আপনি বলুন যে, গাছগুলো কখন রোপণ করা হয়েছিল। তবে জাতি বড়ই উপকৃত হবে।

কবীর দর্পণ
কাঁঠালবাগান, ঢাকা

তৃষা এবং কতিপয় কীট

স্কুলছাত্রী তৃষার করুণ মৃত্যু হয়েছে কতিপয় তরুণ কীট প্রজাতির লালসায়। তৃষাকে হুমকি দিয়েছিল ঐসব কীট। তৃষা তা জানিয়েছিল স্কুল কর্তৃপক্ষকে। এমনকি কীটদের অভিভাবককে জানিয়েও বাঁচতে পারলো না তৃষা। একটি ১১ বছরের নিষ্পাপ মেয়ে জীবন রক্ষার জন্য ছুটছে নিরাপদ আশ্রয়ের জন্য। তার পেছনে ছুটছে কিছু কীট। কি উদ্দেশ্যে? কেউ বা কোনো তরুণ কি গাইবান্ধায় ছিলো না তৃষাকে রক্ষা করার? তৃষাকে উদ্ধার করার চেষ্টাও করলো না কেউ। অকালে এ লোমহর্ষক ঘটনা আমাদের তরুণদের মুখে কলঙ্ক লেপে দিয়েছে। সংশ্লিষ্ট আইনশৃঙ্খলা কর্তৃপক্ষ ও আদালতের কাছে আমাদের আবেদন, তৃষা হত্যাকারীদের প্রকাশ্যে ফাঁসি দিয়ে তরুণদের কলঙ্কমুক্ত করুন। একজন তরুণ হিসেবে এ দাবি জানাচ্ছি। বাপ্পী হত্যার আসামীদেরও দ্রুত বিচার হবে ফাঁসি দিতে হবে।

প্রশান্ত, জগন্নাথ হল, ঢাকা বিশ্ববিদ্যালয়